গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মে, ২০১৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ৩০ জুলাই ২০১৫, রোজ বৃহস্পতিবার |
| সময় | : | সকাল ১১.৩০ টা |
| সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (বি-ব্লক) |
| সভাপতি | : | কানিজ ফাতেমা এনডিসি<br>ভারপ্রাপ্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর এজেন্ডাভিত্তিক আলোচনা করার আহবান জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করার সম্মতি প্রদান করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অডিট ও সমন্বয় অধিশাখার উপ-সচিব জনাব মোঃ তরিকুল আলম আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। বিগত এপ্রিল, ২০১৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত এবং দৃঢ়করণ করা হয়। মাসিক সভার কার্যপত্রের আলোকে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ২৮২টি ১ম শ্রেণীর পদ সৃজন:**<br>এ বিষয়ে উপসচিব (প্রশাসন) জনান, যুগ্মসচিব (প্রশাসন) গত ২৬/০৭/২০১৫ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের এ বিষয়ের সভায় যোগদান করেন। | এ বিষয়ে আরো বিস্তারিত আলোচনা করতে হবে। | উপ-মহাপরিচালক বিবিএস<br>যুগ্মসচিব (প্রশাসন), SID | মহাপরিচালক বিবিএস<br>ও<br>অতিরিক্ত সচিব SID |
| ২ | **বিবিএস এর নন-ক্যাডার কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৩ প্রণয়ন:**<br>এ বিষয়ে মোঃ মনিরুজ্জামান, পরিচালক (এফএ এন্ড এমআইএস) জনান, বিবিএস এর প্রস্তাবনা চূড়ান্ত করা হয়েছে।<br>আরো জনানো হয়, বিবিএস এর প্রস্তাবনা বিভাগের (SID) মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পাঠানো হবে। | আগামী ৭ দিনের মধ্যে বিভাগে (SID) এ প্রস্তাবনা পাঠাতে হবে। | পরিচালক (এফএ এন্ড এমআইএস) বিবিএস<br>উপসচিব (প্রশাসন-৩), SID | উপ-মহাপরিচালক বিবিএস<br>ও<br>যুগ্ম-সচিব (প্রশাসন), SID |
| ৩ | **"পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ সম্পর্কিত নীতিমালা, ২০১৩" প্রণয়ন:**<br>"পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ সম্পর্কিত নীতিমালা, ২০১৩" প্রণয়নের ব্যাপারে সভা করা হয়েছে মর্মে জনাব প্রদীপ কুমার সাহা (উপসচিব) সভায় জানান। এছাড়া তিনি সভাকে আরও জানান যে, উক্ত নীতিমালা আগস্ট মাসের মধ্যে চূড়ান্ত করা হবে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপসচিব (প্রশাসন-৩), SID<br>ও<br>কমিটির সদস্যবৃন্দ | অতিরিক্ত সচিব SID |

২৫৪

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ৪ | **বিবিএস এর ১ম শ্রেণীর কর্মকর্তাগণের এসিআর স্ক্যান করে সংরক্ষণ:**<br>এ বিষয়ে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) সভায় জানান কার্যক্রম চলমান রয়েছে।<br>আরো বলেন, কিছু টেকনিক্যাল জটিলতার কারণে এসিআর স্ক্যান কার্যক্রম কিছুটা বিঘ্নিত হচ্ছে। | এসিআর স্ক্যান কতগুলো করা হয়েছে তা নির্দিষ্ট করতে হবে এবং কতগুলো অপেক্ষায় আছে তা স্পষ্ট করতে হবে। | উপসচিব (প্রশাসন), SID<br>সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), SID<br>সহকারী প্রোগ্রামার, SID | যুগ্ম-সচিব (প্রশাসন), SID |
| ৫ | **বিবিএস এর ২য় পর্যায়ে অর্গানোগ্রাম প্রণয়ন:**<br>সভায় জানানো হয়, অর্গানোগ্রামের খসড়া চূড়ান্ত করা হলেও কর্মকর্তা/কর্মচারীদের চাহিদা অনুযায়ী তা সমাপ্ত করতে কিছুটা সময় ক্ষেপন হচ্ছে। কিছু ধাপ চুড়ান্ত করা হয়েছে। | দ্রুত খসড়া অর্গানোগ্রাম বিবিএস থেকে চূড়ান্ত করে বিভাগে পাঠাতে হবে। | উপ-মহাপরিচালক বিবিএস<br>পরিচালক (এফএ এন্ড এমআইএস) বিবিএস<br>উপসচিব (প্রশাসন-৩), SID | মহা-পরিচালক বিবিএস<br>যুগ্ম-সচিব (প্রশাসন),SID |
| ৬ | **জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা একাডেমি সৃষ্টির জন্য বিধিমালা প্রণয়ন:**<br>সভায় জানানো হয়, বিবিএস হতে একটি খসড়া উপস্থাপনা পত্র গত ১৫ জুলাই, ২০১৫ তারিখে মধ্যে উপস্থাপনার সময়সীমা নির্ধারিত থাকলেও তা উপস্থাপন করা হয়নি। | বিবিএস এর প্রস্তাবনা যে অবস্থায় আছে তাই আগামী ১৬/১৭ আগস্ট, ২০১৫ এর মধ্যে উপস্থাপন করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩),SID<br>পরিচালক (এসএসটিআই),বিবিএস | অতিরিক্ত সচিব SID<br>এবং<br>উপ-মহাপরিচালক, বিবিএস |
| ৭ | **"তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তর (NID)" গঠনের প্রস্তাব প্রেরণ:**<br>তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তর গঠনের বিষয়ে যে Data Centre এর বিষয় রাখা হয়েছে তা তথ্য যোগাযোগ প্রযুক্তি বিভাগের Data Centre এর সাথে তুলনা করে দেখার জন্য সভায় আলোচনা করা হয়। | তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তর গঠনের প্রস্তাব এর বিষয়টি মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট সিদ্ধান্তের জন্য উপস্থাপন করতে হবে। | উপসচিব (তথ্য ব্যবস্থাপনা) SID | অতিরিক্ত সচিব SID |
| ৮ | **বিভাগে MIS গঠন সংক্রান্ত:**<br>গত ২১/০৬/২০১৫ তারিখের সভায় MIS গঠন সংক্রান্ত যাবতীয় তথ্য তুলে ধরা হয়েছে মর্মে জানানো হয়। আরো জনানো হয়, সভায় অন্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর এর MIS এর সাথে তুলনা করে দেখার প্রয়োজন রয়েছে। | বিভাগে MIS গঠনের জন্য অন্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর এর MIS এর নমুনার আলোকে নিজেদের প্রস্তাবনা উপস্থাপন করতে হবে। | সহকারী প্রোগ্রামার, SID | অতিরিক্ত সচিব SID |
| ৯ | **জাতীয় তথ্য ব্যবস্থাপনা নীতিমালা (NIP):**<br>জাতীয় তথ্য ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়নের জন্য অন্যান্য মন্ত্রণালয়ে মতামতের জন্য পাঠানো হয়েছে। যার মধ্যে কয়েকটি মন্ত্রণালয়ের মতামত পাওয়া গেলেও কিছু মন্ত্রণালয়ের মতামত পাওয়া যায়নি। | যে সব মন্ত্রণালয় তাদের মতামত পাঠায়নি তাদের তাগিদ দিতে হবে এবং সম্পূর্ণ মতামত পাওয়া গেলে উপস্থাপনা করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়। | উপসচিব (তথ্য ব্যবস্থাপনা) SID | অতিরিক্ত সচিব SID |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১০ | **মানব সম্পদ উন্নয়ন/ প্রশিক্ষণ:**<br>সভায় জনাব দিলীপ কুমার ভদ্র, পরিচালক (প্রশিক্ষণ উইং) জানান, গত অর্থবছরে (জুলাই/২০১৪ হতে জুন/২০১৫) ৬২৮ জন কর্মকর্তা/কর্মচারী কে প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং আগামী অর্থবছরে (জুলাই/২০১৫ হতে জুন/২০১৬) ৭৫০ জন এর অধিক কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।<br>সভাপতি প্রশিক্ষণ উইং এর আওতায় নৈতিকতা ও শিষ্টাচার বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য বলেন। উপসচিব (প্রশাসন) প্রতিটি প্রশিক্ষণে নৈতিকতা ও শিষ্টাচার বিষয়ে একটি মডিউল রাখার জন্য মতামত দেন। | প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে প্রতি বৎসর ১০০ ঘন্টা করে প্রশিক্ষণ দিতে হবে এবং প্রশিক্ষণগ্রহণকারীদের ডাটাবেজ তৈরী করতে হবে।<br><br>নৈতিকতা ও শিষ্টাচার বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসচিব (প্রশাসন), SID<br><br>ও<br>পরিচালক (এসএসটিআই), বিবিএস | অতিরিক্ত সচিব SID<br><br>উপ-মহাপরিচালক বিবিএস |
| ১১ | **পরিসংখ্যান ভবন এবং মাঠ পর্যায়ে কার্যালয়ের নিরাপত্তা সংক্রান্ত:**<br>লিফটে Sensor লাগানোর জন্য সরবরাহকারী কোম্পানীর সাথে আলোচনা হয়েছে।<br><br>পুরনো গাড়িগুলোর তালিকা তৈরি করা হয়েছে। গাড়িগুলো বিআরটিসি হতে ০২/০৮/২০১৫ তারিখে Inespection এ আসবে বলে জানানো হয়।<br><br>বিভাগীয় অফিসে জেলা ও উপজেলা অফিস রাখার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>Help Desk এ ০২ (দুই) জন কর্মচারীকে পদায়ন করা হয়েছে। | প্রতিটি লিফটে Sensor লাগাতে হবে এবং কোন লিফট কত তলায় চলবে সেটা নির্ধারণ করে দিতে হবে। | উপসচিব (প্রশাসন), SID<br><br>পরিচালক (এফএ এন্ড এমআইএস) বিবিএস<br><br>সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), SID | মহাপরিচালক বিবিএস<br><br>অতিরিক্ত সচিব SID<br><br>যুগ্ম-সচিব (প্রশাসন),SID |
| ১২ | **ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত:**<br>সবার-ই NESS এ লগ ইন করা অবশ্যই প্রয়োজন বলে সভায় জানানো হয়। | ই-ফাইলিং কার্যক্রমকে আরো গতিশীল করার জন্য প্রতি সপ্তাহে উপসচিব (প্রশাসন) সচিব মহোদয়কে অবিহিত করবেন।<br><br>প্রশাসনিক কর্মকর্তাদের নিয়ে সভা করতে হবে। | উপসচিব (প্রশাসন), SID<br>ও<br>সংশ্লিষ্ট শাখা/অধিশাখার কর্মকর্তা<br><br>পরিচালক কম্পিউটার উইং বিবিএস | যুগ্ম-সচিব (প্রশাসন), SID |
| ১৩ | **অডিট আপত্তি সংক্রান্ত:**<br>কার্যক্রম চলমান আছে। | অনিষ্পন্ন বিষয়ে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | পরিচালক (এফএএন্ড এমআইএস) বিবিএস<br>ও<br>উপসচিব (অডিট ও সমন্বয়) SID | মহাপরিচালক বিবিএস<br><br>যুগ্মসচিব (প্রশাসন), SID |

-১৮২-

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১৪ | **অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম:-**<br>পরিসংখ্যান ভবনের লবিতে একটি অভিযোগ বাক্স স্থাপন করা আছে। প্রতিমাসে বাক্সটি খোলা হয় । এ পর্যন্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। | নিয়মিত ফলোআপ করতে হবে। | উপসচিব<br>(অডিট ও সমন্বয়)<br>SID<br><br>পরিচালক<br>(এফএএন্ড এমআইএস)<br>বিবিএস | মহাপরিচালক<br>বিবিএস<br><br>উইং প্রধানগণ<br>SID |
| ১৫ | **মামলা সংক্রান্ত:**<br>৪৪টি মামলা অনিষ্পন্ন আছে। মামলার আরজির পরিপ্রেক্ষিতে যথাযথ জবাব দেয়া হয়েছে। মামলাগুলো কোর্টে নিষ্পত্তির অপেক্ষায় আছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-মহাপরিচালক<br>বিবিএস<br><br>উপসচিব<br>(অডিট ও সমন্বয়)<br>SID | মহাপরিচালক<br>বিবিএস<br><br>যুগ্মসচিব<br>(প্রশাসন), SID |
| ১৬ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) সংক্রান্ত:**<br>বিভাগের ২০১৫-২০১৬ অর্থবছরের জন্য প্রস্তুতকৃত APA মন্ত্রিপরিষদ বিভাগে পাঠানো হলে তাতে কিছু সংশোধনের প্রয়োজন দেখা দেয় বলে সভায় জানানো হয়। | APA বিষয়ে একটি Review Meeting করতে হবে।<br><br>কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন)<br>SID | অতিরিক্ত সচিব<br>SID |
| ১৭ | **মন্ত্রিসভায় আলোচ্য বিষয়:**<br>সভাপতি মহোদয় মন্ত্রিসভায় সে সব সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রতিবেদন প্রেরণ করা হয়। সেগুলো সমন্বয় সভার আলোচনার বিষয়ে জানানো হয়। | মন্ত্রিসভার সিদ্ধান্ত ছাড়াও শুদ্ধাচার, Grievance Redress System এগুলোও সমন্বয় সভার আলোচনা করতে হবে। | উপসচিব<br>অডিট ও সমন্বয় অধিশাখা | যুগ্মসচিব (প্রশাসন)<br>SID |

# বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **বিবিএস এর ৩য় ও ৪র্থ শ্রেনীর জনবল নিয়োগ:** ৩য় শ্রেণীর কর্মচারী নিয়োগের জন্য প্রাপ্ত ১ লক্ষ ১০ হাজার আবেদন বাছাই শেষ। কম্পিউটার এন্ট্রির কাজ চলছে। | নিয়োগের কার্যক্রম দ্রুত করতে হবে। মাঠপর্যায়ে বিদ্যমান লোকবলের কার্যক্রম মনিটরিং করতে হবে। | উপ-মহাপরিচালক বিবিএস | মহাপরিচালক বিবিএস |
| ২ | **বিবিধ:** | | | |
| ২(ক) | **ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত:** সভায় জানানো হয় বিভাগের ওয়েবসাইট বর্তমানে ওয়েব পোর্টালের মাধ্যমে চলছে। পুরাতন ওয়েবসাইট পাওয়া যাচ্ছে না। | ওয়েবসাইট আপডেট করতে হলে তা সচিব মহোদয় কে দিয়ে অনুমোদন করে নিতে হবে এবং ওয়েবসাইট বিষয়ে পাক্ষিক ভাবে সচিব মহোদয়কে অবহিত করতে হবে। | সহকারী প্রোগ্রামার, SID<br><br>পরিচালক কম্পিউটার উইং বিবিএস | মহাপরিচালক বিবিএস |
| ২(খ) | **পেনশন সংক্রান্ত:** উপমহাপরিচালক, বিবিএস জানান চিঠি প্রাপ্তির ৭ দিনের মধ্যে তা নিস্পন্ন করার জন্য প্রধান কার্যালয়ে নির্দেশ দেয়া হয়েছে এবং মাঠ পর্যায়েও নির্দেশনা দেয়া হবে। | কার্যক্রম চলমান থাকবে। | উপসচিব (প্রশাসন), SID<br>ও<br>পরিচালক (এফএএন্ড এম আইএস), বিবিএস | যুগ্মসচিব (প্রশাসন), SID |
| ২(গ) | **বিদ্যুৎ বিল ও ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত:** | বাজেট পাওয়া গেলে বিদ্যুৎ বিল ও ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে। | সংশ্লিষ্ট উইং এর পরিচালকগণ | মহাপরিচালক বিবিএস |

অতঃপর উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

কানিজ ফাতেমা এনডিসি
ভারপ্রাপ্ত সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ